


দৈনিক ইত্তেজাক

প্রতিদিন ডায়ালাম প্রেসের দ্বারা প্রকাশিত হয়।

দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রযুক্তি

○ ০৮ ফেব্রুয়ারী, ২০১৭ ইং ০০:০০ মিঃ



তরুণরা সমৃদ্ধ হলেই দেশ সমৃদ্ধ হবে। তরুণরা প্রশিক্ষণ নিলে, আত্মকর্মসংস্থান তৈরি করলে দেশ দ্রুত এগিয়ে যাবে। আইটি সেক্টরে এ সম্ভাবনা রয়েছে প্রচুর। সেই সম্ভাবনার ক্ষেত্রটি তৈরিতে প্রয়োজন নতুন স্বপ্ন নির্মাণের। আইসিটি বা তথ্যপ্রযুক্তিতে বর্তমানে রয়েছে চমতকার ক্যারিয়ার গড়ার সুযোগ। আর সে লক্ষ্যেই দেশজুড়ে প্রতিনিয়ত নেওয়া হচ্ছে প্রশিক্ষণসহ নানা উদ্যোগ। আইটি সেক্টরের আওতায় শিক্ষাপ্রতিষ্ঠানে দক্ষতা বিষয়ক প্রশিক্ষণও প্রদান করা হয়। বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের কনফারেন্স রুমে অনুষ্ঠিত সেইপ প্রজেক্ট কো-অর্ডিনেশন ইউনিট কর্তৃক বাস্তবায়নাধীন ক্ষিলস ফর এমপ্লায়মেন্ট ইনভেস্টমেন্ট (এসইআইপি) প্রকল্পের আওতায় আইটি বিষয়ক দক্ষতা উন্নয়নের লক্ষ্যে এর ফ্রি প্রশিক্ষণ পরিচালনা চুক্তি স্বাক্ষরিত হয়। এসইআইপি প্রজেক্টের আওতায় (Tranche-1) সারাদেশে ৩ বছরে মোট ১০,২০০ জনকে বিভিন্ন ট্রেড কোর্সে প্রশিক্ষণ দিয়েছে রাজধানীর ৬৯/ই, গ্রিন রোড, পাঞ্চপথে অবস্থিত ন্যাশনাল ইনসিটিউট অব ইঞ্জিনিয়ারিং টেকনোলোজি (এনআইইটি)। এ বিষয়ে বিস্তারিত জানতে ০১৬৭১৫৫৬১৯ নম্বরে যোগাযোগ করতে পারেন। প্রশিক্ষণ কোর্সের মধ্যে রয়েছে ৩ মাস মেয়াদি আবাসিক প্রশিক্ষণ প্রফেশনাল ফ্রিল্যান্সিং, গ্রাফিকস ডিজাইন, ৬ মাস মেয়াদি অনাবাসিক প্রশিক্ষণ, ওয়েব সাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট, প্রফেশনাল ফ্রিল্যান্সিং, গ্রাফিকস ডিজাইন। প্রশিক্ষণ কার্যক্রমে যথাক্রমে এইচএসসি বা ডিপ্লোমা পাস ব্যক্তিরা অংশগ্রহণ করতে পারবে। এই প্রকল্পের আগে তরুণদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে এসএমই খাতে উত্পাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে এমএডব্লিউটিএস, ইউচইপি বাংলাদেশ, টিএমএসএস, উদ্দীপন, বিআইআইটি ইঞ্জিনিয়ার্স লিমিটেড, অ্যাসোসিয়েশন অব গ্রাসর্কটস উইম্যান এন্ড্রাপ্রেনারস বাংলাদেশ (এজিডব্লিউইবি), পিস অ্যান্ড রাইটস ডেভেলপমেন্ট অব সোসাইটি (পিআরডিএস) কর্তৃক

পরিচালনা করা হচ্ছে বিভিন্ন ট্রেড কোর্সে দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ। যেখানে প্রকল্পের শর্তানুযায়ী নির্বাচিত প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে সফল প্রশিক্ষনার্থীদের মধ্য থেকে কমপক্ষে ৭০ ভাগ কর্মসংস্থান নিশ্চিত করতে হবে। এখানে অন্যান্য সুবিধার মধ্যে রয়েছে—প্রশিক্ষণ ব্যয় সম্পূর্ণ ফ্রি, নিজস্ব আবাসন সুবিধা, সফলভাবে কোর্স সম্পন্নকারীদের জব সলিউশন, জব প্লেসমেন্ট সেন্টারের মাধ্যমে চাকরি প্রাপ্তিতে সহায়তা করা, উদ্যোগাদের খণ্ডপ্রাপ্তিতে সহযোগিতা করা, সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীদের এককালীন বৃত্তি প্রদান করা।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিয়া হোসেন।

ইলেক্ট্রনিক প্রিণ্টিং অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত